



দেশের মানুষ ষড়যন্ত্র সফল হতে দেবে না: রিজভী



রুহুল কবির রিজভী | ছবি: সংগৃহীত

দেশের অসাম্প্রদায়িক ও ধর্মপ্রাণ মানুষ কোনো ষড়যন্ত্র সফল হতে দেবে না বলে মন্তব্য করেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী।

সোমবার (১৯ অক্টোবর) সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলের দুর্গাপূজার মণ্ডপ পরিদর্শন শেষে তিনি এ কথা বলেন।

রিজভী বলেন, ধর্মীয় বিশ্বাস ব্যক্তিগত বিষয় হলেও রাষ্ট্রের নাগরিক হিসেবে সবার অধিকার সমান। প্রত্যেকে যেন শান্তিপূর্ণ ও নিরাপদ পরিবেশে নিজ নিজ ধর্মীয় উৎসব পালন করতে পারেন, তা নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্ব। প্রধানমন্ত্রী তারেক রহমান সেই অধিকার সুরক্ষায় কাজ করছেন বলেও উল্লেখ করেন তিনি।

নির্বাচনের আগে সনাতন ধর্মাবলম্বীদের কাছে বিএনপির দেওয়া প্রতিশ্রুতি বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হয়েছে জানিয়ে রিজভী বলেন, হিন্দু সম্প্রদায়ের দাবির পরিপ্রেক্ষিতে পূজার ছুটি বাড়ানো, মণ্ডপগুলোর বরাদ্দ বৃদ্ধি এবং পুরোহিত ও সেবায়োতদের সম্মানী দেওয়ার বিষয়ে কার্যকর পদক্ষেপ নেওয়া হয়েছে।

LENS ASIA